

উন্নত জাতের রাবার চাষ,
চাষীর আনন্দ ১২ মাস



বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন
প্রধান কার্যালয়

রুম ৫০৬২, ৫ম তলা, সি.জে.কে.এস শপিং কমপ্লেক্স,
কাজীর দেউরী, চট্টগ্রাম
www.brgoa.com

রাবার গাছের বিশেষ গুণ,
কার্বন শোষণ করে দ্বিগুণ

স্মারক নং: বিআরজিওএ/৩৭/২০২৪

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

বরাবর

চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ রাবার বোর্ড

ই ১০-১৩, এম এ কে খলিল সড়ক, পশ্চিম পাহাড়,

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম।

বিষয়: বাংলাদেশ রাবার বোর্ড এর পরিচালনা পর্ষদ এর সদস্য অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ রাবার বোর্ডের পত্র নং- ২২.০৭.০০০০.০০৭.৩২.০০১.২২.৯, তাং -০২-০৫-২০২৪ খ্রি: ও

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৭০.৬৬.০০১.২০.৪৪, তাং -৩০-০৫-২০২৪ খ্রি:

জনাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আপনাকে জানাতে চাই যে, গত ৩১শে মার্চ ২০২৪ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জারীকৃত প্রজ্ঞাপনের মাত্র ১ মাস ২ দিনের মাথায় আমাদের কোনরূপ আবেদন নিবেদন ছাড়া বীর মুক্তিযোদ্ধা জনাব ছলিমুল হক চৌধুরী'র নামের পরিবর্তে সভাপতিকে বাংলাদেশ রাবার বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে পত্র প্রেরণের বিষয়টি আমাদের বোধগম্য হচ্ছে না।


বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশনের সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে রাবার বোর্ড গঠনের প্রাণ পুরুষ আমাদের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা জনাব ছলিমুল হক চৌধুরী (৯নং ঘাটফরহাদবেগ, আন্দরকিল্লা, চট্টগ্রাম) কে রাবার বোর্ডে আমাদের প্রতিনিধিত্ব করার জন্য মনোনীত করা হয়েছিল। সেই সুবাধে মন্ত্রণালয়ের জারীকৃত সর্বশেষ ৩১শে মার্চ ২০২৪ তারিখের প্রজ্ঞাপনেও উনার নাম অন্তর্ভুক্ত ছিল। রাবার বোর্ড আইনের ২০১৩ এর ৬ (ট) ধারা মোতাবেক আমাদের এসোসিয়েশনের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা জনাব ছলিমুল হক চৌধুরীই বাংলাদেশ রাবার বোর্ডের সদস্য হিসেবে আমাদের একমাত্র মনোনীত প্রতিনিধি। অন্য কারোর নাম এসোসিয়েশনের পক্ষ থেকে কোন প্রস্তাব বোর্ড কিংবা মন্ত্রণালয়ে আমরা প্রেরণ করি নাই।

অতএব এসোসিয়েশনের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা জনাব ছলিমুল হক চৌধুরীকে আমাদের পক্ষ থেকে বাংলাদেশ রাবার বোর্ডে সদস্য হিসেবে উনার নামে আসন্ন ২৯/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ২১তম বোর্ড সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ পত্র প্রেরণের অনুরোধ জানাচ্ছি। (উনার হোয়াটস্ অ্যাপ নাম্বার: ০১৬৪৪-৮০৭৭৩৩)

ধন্যবাদান্তে


(মোহাম্মদ কামাল উদ্দিন)
সভাপতি

বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন


(মইনুল ইসলাম)
মহাসচিব

বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন

সংযুক্তি:

- ১। বীর মুক্তিযোদ্ধা জনাব ছলিমুল হক চৌধুরী'কে রাবার বোর্ড আইন ও নীতিমালা খসড়া প্রণয়নের দায়িত্ব অর্পনের চিঠি।
- ২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ৩১/০৩/২০২৪ইং তারিখে ইস্যুকৃত প্রজ্ঞাপনের কপি।
- ৩। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ৩০/০৫/২০২৪ইং তারিখে ইস্যুকৃত সদস্য অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত চিঠির কপি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কপি প্রেরণ করা হল:

- ১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ-

শেখ মুরাদ হোসেন, উপ-সচিব, আইন-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।